

Class – 1

Subject – 2nd Language Bengali

Chapter – পশুর নাম and পাখির নাম

(Name of Animals and Birds)

আজ আমরা শিখব কতগুলি পশুর নাম এবং পাখির নাম।

প্রথমে শিখব পশুর নাম তারপর শিখব পাখির নাম।

পশুর নাম:-

পশু দুই রকমের হয়।

1. গৃহপালিত পশু
2. বন্য পশু

গৃহপালিত পশু:- যে পশুদের আমরা ঘরে রাখতে পারি বা আমাদের আশেপাশে দেখা যায় তাদের গৃহপালিত পশু বলে।

যেমন:-



1. কুকুর -

কুকুর খুব প্রভুভক্ত হয়।



2. বিড়াল -

বিড়াল যখন হাঁটে তখন কোনো আওয়াজ পাওয়া যায় না।

3. গোরু -



গোরু আমাদের দুধ দেয়।

4. ছাগল -



ছাগল স্বভাবে খুব শান্ত প্রকৃতির হয়।

5. ঘোড়া -



ঘোড়া দাঁড়িয়ে দাঁড়িয়ে ঘুমায়।

বন্য পশুঃ- যে পশুরা বনে বা জঙ্গলে থাকে তাদের বন্য পশু বলে।

যেমনঃ-

1. বাঘ -



বাঘ আমাদের জাতীয় পশু।



2. সিংহ -

সিংহকে পশুদের রাজা বলা হয় তাই সিংহের আর এক নাম পশুরাজ।



3. হাতি -

হাতির শরীর পশুদের মধ্যে সবচেয়ে বড়ো।



4. হরিণ -

হরিণ খুব জোড়ে দৌড়াতে পারে।



5. শিয়াল -

শিয়াল খুব বুদ্ধিমান হয়।

পাখির নাম:-



1. ময়ূর -

ময়ূর ভারতের জাতীয় পাখি।



2. কাকাতুয়া -

কাকাতুয়া সাদা রঙের হয়। কাকাতুয়ার মাথায় ঝুঁটি থাকে।



3. কাক -

কাক কালো রঙের হয়।



4. টিয়া -

টিয়া পাখি সবুজ রঙের হয়। টিয়া পাখির ঠোঁট লাল রঙের হয়।



5. ময়না -

ময়না পাখি খুব ভালো কথা বলতে পারে।



6. বক -

বক পাখির গলা খুব লম্বা হয়।



7. পায়রা -

পায়রা ঝাঁক বেঁধে থাকতে পছন্দ করে। (ঝাঁক অর্থাৎ এক সাথে অনেক গুলো)



8. চড়ুই -

চড়ুই পাখি আকারে খুব ছোটো হয়।



9. ঈগল -

ঈগল পাখি বনে বা জঙ্গলে বসবাস করে।



10. পেঁচা -

পেঁচা দিনের বেলায় চোখে দেখতে পায়না। রাতের ঘন অন্ধকারে পেঁচাকে দেখতে পাওয়া যায়।

Worksheet

1. 5টি পশুর নাম লেখো:-

Ans: -

2. 2টি গৃহপালিত পশুর নাম লেখো:-

Ans: -

3. 2টি বন্য পশুর নাম লেখো:-

Ans: -

4. কোন পশুকে আমাদের জাতীয় পশু বলা হয়?

Ans: -

5. কোন পশুকে পশুরাজ বলা হয়?

Ans: -

6. কোন পশুর শরীর পশুদের মধ্যে সবচেয়ে বড়ো?

Ans: -

7. কোন পশু দাঁড়িয়ে দাঁড়িয়ে ঘুমায়?

Ans: -

8. 5টি পাখির নাম লেখো:-

Ans: -

9. ভারতের জাতীয় পাখির নাম কী?

Ans: -

10. কোন পাখি দিনের বেলায় চোখে দেখতে পায় না?

Ans: -
